গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
ময়মনসিংহ।

স্মারক নং- ১৫১ তারিখ- ১৬/০৯/২০২৩ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

ময়মনসিংহ জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে নিম্নবর্ণিত শূন্য পদ সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও সার্কুলার অনুসরনপূর্বক সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সরাসরি জনবল নিয়োগ করা হবে। আগ্রহী যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রকাশিত নির্ধারিত ফরমে নিজ নাম স্বাক্ষরিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ | ০২ (দুই) টি | টাকা-১০২০০-২৪৬৮০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। সাঁটলিপিতে নূন্যতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ প্রতি মিনিট এবং টাইপে নূন্যতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ প্রতি মিনিট। কম্পিউটারে পারদর্শীদের অগ্রধিকার দেওয়া হবে। |
| ০২। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ | ০১ (এক) টি | টাকা-৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ কম্পিউটারে টাইপ করার গতি সম্পন্ন। |
| ০৩। | জারীকারক গ্রেড-১৯ | ০৩ (তিন) টি | টাকা-৮৫০০-২০৫৭০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪। | দপ্তরী গ্রেড-১৯ | ০১ (এক) টি | টাকা-৮৫০০-২০৫৭০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫। | অফিস সহায়ক গ্রেড-২০ | ০৫ (পাঁচ) টি | টাকা-৮২৫০-২০১০০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬। | ফরাস গ্রেড-২০ | ০১ (এক) টি | টাকা-৮২৫০-২০১০০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭। | নৈশ প্রহরী গ্রেড-২০ | ০৩ (তিন) টি | টাকা-৮২৫০-২০১০০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

### শর্তাবলী

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম (আবেদন ফরম ও প্রবেশপত্র mymensingh.judiciary.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করতে হবে) যথাযথভাবে স্বহস্তে পূরণ পূর্বক আগামী **১৬/১০/২০২৩ খ্রিঃ** তারিখ অফিস সময়ের মধ্যে চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, ময়মনসিংহ বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে যথাযথভাবে পূরণকৃত প্রবেশপত্র, চালানের মূল কপি ও সত্যায়িত ছবি ছাড়া অন্য কোন কাগজাদি সংযুক্ত করার প্রয়োজন নাই।

২। আবেদনপত্র আগামী ১৬/১০/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (বিকাল ৫.০০ ঘটিকা) ডাকযোগে অথবা সরাসরি চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, ময়মনসিংহ এর নেজারত বিভাগে (দ্বিতীয় তলা, কক্ষ নং-২০১) পৌছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহন করা হবে না। পরীক্ষার ফি বাবদ হিসাব কোড **১-২১০৮-০০০০-২০৩১**-এ ক্রমিক নং ০১ ও ০২ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) এবং ক্রমিক নং ০৩ হতে ০৭ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার কোনভাবেই গ্রহণযোগ্য নয়। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ১৫/- (পনেরো) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত একটি ফেরত খাম (৯.৫×৪.৫ ইঞ্চি) দিতে হবে।

৩। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্রকন্যা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। বিভাগীয় ও চাকরিরত প্রার্থীকে অনুমতিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৫। আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। লিখিত পরীক্ষার বাইরেও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা/কম্পিউটার সংক্রান্ত টেস্ট অনুষ্ঠিত হবে। নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে।

**৬। ক্রমিক নং- ০৩ হতে ০৭ নং পদের জন্য ড্রাইভিং/ইলেকট্রিক্যাল/গার্ডেনিং কাজ এবং অন্য কোন বিশেষকাজে পারদর্শীতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

৭। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় তথ্য যাছাইয়ের জন্য প্রার্থীকে অবশ্যই নিম্নোক্ত কাগজপত্রের মূলকপি এবং ১ সেট সত্যায়িত ফটোকপি সাথে আনতে হবেঃ ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র এবং অভিজ্ঞতার সনদ ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি। খ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল চারিত্রিক সনদপত্র। গ. স্থানীয় ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ এর চেয়ারম্যান/ পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র /কমিশনার কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি। ঘ. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক নির্দেশিত গ্রহণযোগ্য সনদ। ঙ. শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় এর উপ-পরিচালক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। চ. ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর ও এতিম প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ। ছ. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

৮। সকল ছবি ও সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার পূর্বক সত্যায়ন করতে হবে।

৯। প্রার্থী কর্তৃক কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন/নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে বাংলাদেশের প্রচলিত আইনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল প্রকার কোটা/সর্বশেষ নীতিমালা/পরিপত্রের নির্দেশনা/বিধি-বিধান ও সার্কুলার অনুসরণ করা হবে।

১১। সকল খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট করে লিখতে হবে।

১২। উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত তথ্যাবলী mymensingh.judiciary.gov.bd প্রকাশ করা হবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১৫। প্রয়োজনে এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন, বাতিল ও বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত-
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
ময়মনসিংহ।

জিডি-১৬৬০/৩০ (১০"x৩)